

সরকারি স্কুলে ভর্তি: 'খ' গ্রুপে সাড়ে দশ হাজার পরীক্ষার্থী

যুগান্তর রিপোর্ট

রাজধানীর 'খ' গ্রুপের সরকারি স্কুলগুলোতে

ভর্তি পরীক্ষা গতকাল অনুষ্ঠিত হয়েছে। এ গ্রুপের ৮টি স্কুলে বিভিন্ন শ্রেণীর মোট

হাজার ৪১০টি আসনে সাড়ে ১০ হাজার পরীক্ষার্থী অংশ নেয়। কোন কোন স্কুলে একটি আসনের বিপরীতে ১৭টি পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছে। আর কোথাও একটি আসনে দু'তিনটি শিশু ভর্তিযুক্ত অংশ নেয়।
ভর্তি: পৃষ্ঠা: ২ কলাম: ৮

ভর্তি: স্কুলে (৩য় পৃষ্ঠার পর)

নেয়।
সর্বোচ্চ প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ছিল মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভর্তি পরীক্ষা। এখানে ২৪০টি আসনের জন্য মোট প্রতিযোগী ছিল ৩ হাজার ৮৭৩ জন। প্রথম শ্রেণীর ৬০টি আসনের বিপরীতে ১ হাজার ৪৮৫টি এবং দ্বিতীয় শ্রেণীর ৫০টি আসনে ৯২২টি শিশুর পরীক্ষা দেয়ার কথা থাকলেও প্রথম শ্রেণীতে ১৮৪ ও দ্বিতীয় শ্রেণীতে ১১৯টি শিশু অনুপস্থিত ছিল। অন্যদিকে ঘট শ্রেণীর ১১৫টি আসনে ১ হাজার ৪৬ এবং নবম শ্রেণীর ১৫টি আসনে ৪৪০ কিশোর পরীক্ষা দেয়। এ স্কুলের প্রধান শিক্ষিকা বিশকিস বানু বলেন, সার্বিক ব্যবস্থায় শ্রেষ্ঠ বলেই অভিভাবকরা তাদের সন্তানকে এখানে ভর্তি করতে বেশি আগ্রহী থাকেন। সুষ্ঠুভাবেই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে বলে তিনি জানান। অবশ্য পুলিশ সত্ত্বাহের উদ্বোধনী অনুষ্ঠানের কারণে কয়েকটি রাস্তা সকালে বন্ধ থাকায় মতিঝিল বালক স্কুলে সন্তানদের নিয়ে পৌঁছানোর ক্ষেত্রে অভিভাবকরা বেশ দুর্ভোগের শিকার হন। এছাড়া বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩৪১টি আসনে ১ হাজার ৪৪৫টি শেয়েবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ৪১০টি আসনে ১ হাজার ২৯৪টি সরকারি বিজ্ঞান কলেজে (স্কুল শাখা) ৩৬৩টি আসনে ১ হাজার ৯০টি এবং আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়ের ২২৫টি আসনে ৮৮৭টি প্রার্থী ভর্তি পরীক্ষা দিয়েছে। অন্যদিকে নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়ে ৪৪২টি আসনে ৯১১টি, ঢাকা গবর্নমেন্ট হাইস্কুলের ১৫২টি আসনে ৫৭১ এবং ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ২৬৬টি আসনে ৫৪১ শিশু-কিশোর ভর্তি পরীক্ষায় অংশ নেয়।
আগামীকাল 'গ' গ্রুপের জন্যে বাকি ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।